রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**উন্নয়ন-০৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ ফাল্গুন ১৪২০/১৯ ফেব্রুয়ারি ২০১৪

**নং ৪২.০৩৭.০২৮.০০.০১.১৬৫.২০১২-২৬**—বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত আইনের (৪) ধারার বিধান অনুযায়ী সরকার "জাতীয় পানি সম্পদ পরিষদ" নিম্নরূপভাবে গঠন করিল ঃ

**"জাতীয় পানি সম্পদ পরিষদ"**

(ক) **পরিষদের গঠন ঃ**

**চেয়ারপারসন ঃ**

(১) মাননীয় প্রধানমন্ত্রী

**সদস্যবৃন্দ ঃ**

(২) অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(৩) কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(৪) পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(৫) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(৬) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(৭) ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী



**মূল্য ঃ** টাকা ৮.০০

(৮) পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(৯) পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(১০) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(১১) নৌ পরিবহণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(১২) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী

(১৩) পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী (যদি থাকে)

(১৩/১) পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপমন্ত্রী

(১৪) জাতীয় সংসদের পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি

(১৫) মন্ত্রিপরিষদ সচিব

(১৬) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব

(১৭) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত ৭ (সাত) টি প্রশাসনিক বিভাগ হইতে ৭ (সাত) জন সংসদ সদস্য ঃ

(১) রংপুর বিভাগ-জনাব আবু সালেহ মোহাম্মদ সাইদ (দুলাল) ১৮, লালমনিরহাট-৩

(২) রাজশাহী বিভাগ-জনাব মোঃ হাবিবুর রহমান ৪০, বগুড়া-৫

(৩) খুলনা বিভাগ-জনাব তালুকদার আব্দুল খালেক ৯৭, বাগেরহাট-৩

(৪) বরিশাল বিভাগ-জনাব মোঃ মাহবুবুর রহমান ১১৪, পটুয়াখালী-৪

(৫) ঢাকা বিভাগ-জনাব মোঃ আফজাল হোসেন ১৬৬, কিশোরগঞ্জ-৫

(৬) সিলেট বিভাগ-জনাব মোয়াজ্জেম হোসেন রতন ২২৪, সুনামগঞ্জ-১

(৭) চট্টগ্রাম বিভাগ-জনাব মাহফুজুর রহমান ২৮০, চট্টগ্রাম-৩

(১৮) ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা সচিব

(১৯) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব বা সচিব

(২০) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা সচিব

(২১) কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা সচিব

(২২) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা সচিব

(২৩) স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব বা সচিব

(২৪) পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা সচিব

(২৫) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিব বা সচিব

(২৬) পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের সদস্য

(২৭) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক

(২৮) পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মহাপরিচালক

(২৯) যৌথ নদী কমিশনের সদস্য

(৩০) ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রেসিডেন্ট

(৩১) ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রেসিডেন্ট

(৩২) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত ৩ (তিন) জন পানি বিশেষজ্ঞ ঃ

(১) ড. মোঃ মনোয়ার হোসেন, নির্বাহী পরিচালক, আইডব্লিউএম (সাবেক অধ্যাপক, পানি সম্পদ কৌশল বিভাগ ও ডীন, পুরকৌশল অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা)।

(২) ড. এম এ কাসেম, প্রাক্তন মহাপরিচালক, ওয়ারপো, ঢাকা

(৩) প্রফেসর আব্দুর রহিম, প্রাক্তন অধ্যাপক, নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩৩) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি ঃ

জনাব এ্যারোমা দত্ত, নির্বাহী পরিচালক, পিআরআইপি ট্রাস্ট

(৩৪) পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বা সচিব, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(খ) পরিষদের মনোনীত সদস্যগণের মেয়াদ হইবে ২ (দুই) বছর, তবে মনোনীত কোন সদস্য, মেয়াদ শেষ হইবার পূর্বে যেকোন সময়, প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন এবং তদ্কর্তৃক পদত্যাগপত্র গৃহীত হইবার তারিখ হইতে সংশ্লিষ্ট পদটি শূণ্য হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(গ) সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরিষদের সদস্য সংখ্যা হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

২। **পরিষদের কার্যাবলি ঃ**

বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উহার বিধানাবলী সাপেক্ষে, পরিষদ হইবে সর্বোচ্চ নীতি নির্ধারণী কর্তৃপক্ষ এবং তদুদ্দেশ্য পরিষদের কার্যাবলি হইবে নিম্নরূপ ঃ—

(১) পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, সুষ্ঠু ব্যবহার, নিরাপদ আহরণ, সুষম বন্টন, সুরক্ষা ও সংরক্ষণ বিষয়ে নীতি নির্ধারণ ও দিক-নির্দেশনা প্রদান;

(২) পানি সম্পদের সমন্বিত উন্নয়ন নিশ্চিতকল্পে জাতীয় পানি সম্পদ পরিকল্পনা সংক্রান্ত দিক-নির্দেশনা প্রদান;

(৩) জাতীয় পানি সম্পদ পরিকল্পনা অনুমোদন ও উহার বাস্তবায়ন নিশ্চিতকরণ; এবং

(৪) পরিষদ কর্তৃক নির্দিষ্টকৃত অন্য যেকোন কার্যাবলি সম্পাদন করা।

৩। এই পরিষদ গঠিত হইবার ফলে বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর (৪৭) ধারার বিধান অনুযায়ী "জাতীয় পানি সম্পদ পরিষদ" গঠন সংক্রান্ত ইতিপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন এবং উক্ত প্রজ্ঞাপনসমূহ দ্বারা ইতিপূর্বে গঠিত "জাতীয় পানি সম্পদ পরিষদ" যথাক্রমে রহিত ও বিলুপ্ত বলিয়া গণ্য হইবে।

৪। এই পরিষদ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জাফর আহমেদ খান**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
শাহ্-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress. gov.bd